# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কলকাতা হাইকোর্ট, চাকরিহারা গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের ভাতা দেওয়ার রাজ্য সরকারের সিদ্ধান্তের ওপর ২৬-শে সেপ্টেম্বর পর্যন্ত স্থগিতাদেশ জারি করেছে।

# আদালত রাজ্য সরকারকে এবিষয়ে চার সপ্তাহের মধ্যে হলফনামা পেশের নির্দেশ দিয়েছে।

২) বিজেপি পরিষদীয় দল আজ পশ্চিমবঙ্গ দিবস পালন করছে। চিকিৎসক রজত শুভ্র ব্যানার্জীর সঙ্গে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার দেখা করতে গেলে পুলিশ আজ দু-জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারের প্রতিবাদে বিজেপি কর্মীরা বিক্ষোভ ।

৩) রাজ্য স্কুল শিক্ষা দফতর উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের পারস্পরিক বদলি নিয়ম সংক্রান্ত একটি নতুন নির্দেশিকা জারি করেছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে মূল অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

এরাজ্যেও যোগ দিবসের নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৫) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বন্যা পরিস্থিতি নিয়ে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলার জেলা শাসকদের সঙ্গে বৈঠক করেছেন।

নিম্নচাপ ও প্রতিবেশী রাজ্যে অতিরিক্ত বৃষ্টির জেরে ডিভিসি আজ জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, চাকরিহারা গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মচারীদের ভাতা দেওয়ার সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ জারী করেছে। বিচারপতি অমৃতা সিনহা আজ এক নির্দেশে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত এই ভাতা দেওয়ার সিদ্ধান্তে স্থগিতাদেশ দেন। একই সঙ্গে আদালত জানিয়েছে, চার সপ্তাহের মধ্যে এ ব্যাপারে রাজ্য সরকারকে হলফনামা জমা দিতে হবে। তার ১৫ দিনের মধ্যে মামলাকারীরা পাল্টা হলফনামা জমা দিতে পারেন।

উল্লেখ্য, সুপ্রীম কোর্টের নির্দেশে চাকরীহারা গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মচারীদের যথাক্রমে ২৫ ও ২০ হাজার টাকা করে ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল রাজ্য সরকার। রাজ্যের এই সিদ্ধান্তের বিরোধিতা করে ২০১৬ সালের এস এস সি নিয়োগে যে সমস্ত প্রার্থীরা ওয়েটিং লিস্টে ছিলেন তারা মামলা দায়ের করেন কলকাতা হাইকোর্টে। তাদের বক্তব্য ছিল, রাজ্য সরকার যদি ভাতা দেওয়ার সিদ্ধান্ত নিয়েই থাকে তাহলে সবাইকেই তা দেওয়া উচিত। রাজ্যের এই সিদ্ধান্ত সুপ্রীম কোর্টের রায়ের পরিপন্থী বলেও মামলাকারীর দাবী।

বিচারপতি অমৃতা সিনহা মামলার শুনানি শেষে গত শুক্রবার রায়দান স্থগিত রেখেছিলেন। আজ সেই মামলারই রায় ঘোষনা করলেন বিচারপতি সিনহা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্টের এই রায় প্রত্যাশিত ছিল বলে জানিয়েছেন, চাকরি হারা শিক্ষা কর্মীরা। গ্রুপ-সি ও গ্রুপ-ডি শিক্ষা কর্মীদের তরফে সুজয় সর্দার অভিযোগ করেন, রাজ্য সরকার শুধু যোগ্য চাকরিহারা শিক্ষাকর্মীদের ভাতা না দিয়ে অযোগ্যদেরও দিতে চেয়েছিল। এই বিজ্ঞপ্তি যে আদালতের প্রশ্নের মুখে পড়তে পারে, রাজ্য সরকার নিজেরাও সেকথা জানতো বলে তাঁর অভিযোগ। এরপর তারা বৃহত্তর আন্দোলনে যেতে পারেন বলে জানিয়েছেন আন্দোলনরত শিক্ষাকর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি পরিষদীয় দল আজ রাজ্য বিধানসভায় পশ্চিমবঙ্গ দিবস পালন করে। পরিষদীয় দলের পক্ষে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এর প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, বিশে জুন প্রকৃত পশ্চিমবঙ্গ দিবস।

উল্লেখ্য, বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা রেড রোডে গিয়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে পুস্পার্ঘ্য প্রদান করে শ্রদ্ধা জানান।

oooooooooooooooooooo

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার পশ্চিমবঙ্গ দিবসে সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে বলেছেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের দূরদৃষ্টি, সাহস ও আত্ম বিশ্বাসের ফলে বাংলার হিন্দু সমাজ একটি স্বতন্ত্র ভূখণ্ড পেয়েছিল। হিন্দু হোম ল্যান্ড হিসেবে জন্ম হয়েছিল পশ্চিমবঙ্গের।

শ্রী মজুমদার আজ দুপুরে দক্ষিণ কলকাতায় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তার প্রতি শ্রদ্ধা জানান। এরপর বাইক নিয়ে তিরঙ্গা যাত্রা করে নেতাজি সুভাষচন্দ্র বসুর বাড়িতে গিয়ে নেতাজি মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

oooooooooooooooooooo

এরপর তিনি ভবানীপুর এলাকায় চিকিৎসক রজত শুভ্র ব্যানার্জীর সঙ্গে দেখা করতে গেলে পুলিশ দুজনকেই পরে গ্রেফতার করে। লন্ডন সফরে কেলগ কলেজে এক আলোচনা সভায় ওই চিকিৎসক মুখ্যমন্ত্রীকে কিছু প্রশ্ন করায় পরে তাকে পুলিশী হেনস্থার মুখোমুখি হতে হয় বলে অভিযোগ। ওই দুজনের গ্রেফতারের প্রতিবাদে বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখান।

রাজ্য সভাপতি অভিযোগ করেন,পশ্চিমবঙ্গ দিবস পালনে বাধা দেওয়ার পর পুলিশ মানুষের সঙ্গে দেখা করতে যেতেও বাধা দিচ্ছে। রজত শুভ্র ব্যানার্জিকে ভয়

দেখানো এবং তার মেডিকেল লাইসেন্স বাতিল করার চক্রান্ত চলছে। এই প্রসঙ্গে সুকান্তবাবুর অভিযোগ তিনি কোনো আইনভঙ্গ করেননি।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি পরিষদীয় দল রাজ্য সরকারকে দেশের সংস্কৃতি বিরোধী সরকার বলে অভিযোগ করেছে। পরিষদীয় দলের মুখ্য সচেতক শংকর ঘোষ আজ বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, আগামীকাল বিধানসভা চত্বরে যোগ দিবস পালনের অনুমতি চাওয়া হলে অধ্যক্ষ তা খারিজ করে দিয়েছেন।

তাঁর আরো অভিযোগ, বিধানসভায় বিরোধীরা কিভাবে বক্তব্য রাখবে সে বিষয়ে শাসকদলের নেতা মন্ত্রীরা অধ্যক্ষের সামনে নির্দেশ দিচ্ছে যা নিয়মবিরুদ্ধ। বিধানসভার রুলবুক অনুযায়ী কোন বিধায়কের আপত্তিকর মন্তব্য বিধানসভার রেকর্ড থেকে বাদ দেওয়া হয়। তবে বিধায়ক অশোক লাহিড়ী এবং অম্বিকা রায় কোন আপত্তিকর বক্তব্য না রাখলেও তাদের বক্তব্য রেকর্ড থেকে বাদ দেওয়া হয়েছে।

ঘটনার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল সভা থেকে ওয়াক আউট করে বাইরে এসে বিক্ষোভ দেখায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য স্কুল শিক্ষা দপ্তর উৎসশ্রী পোর্টালের মাধ্যমে শিক্ষকদের পারস্পরিক বদলির নিয়ম সহজ করেছে। এই মর্মে সম্প্রতি একটি নতুন নির্দেশিকা জারি করা হয়েছে। ওই নির্দেশিকা অনুসারে, কোনো শিক্ষক বা শিক্ষিকা পারস্পরিক বদলির জন্য আবেদন করে সংশ্লিষ্ট অপর শিক্ষক বা শিক্ষিকার থেকে ইতিবাচক সাড়া না পেলে জেলা প্রাথমিক বিদ্যালয় পরিষদ বা জেলা বিদ্যালয় পরিদর্শকের তরফে সেই আবেদন বাতিল করে আবেদনকারীর প্রোফাইল আনলক করতে পারবেন। ফলে আবেদনকারীর পক্ষে পুনরায় আবেদন করা সম্ভব হবে।

এছাড়া, যুগ্মভাবে আবেদন করলে জেলার মধ্যে বদলির ক্ষেত্রে ডিপিএসসি এবং জেলার বাইরে বদলির ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা পর্ষদ ও মধ্য শিক্ষা পর্ষদ সেই প্রোফাইল

আনলক করতে পারবে। পাশাপাশি, জেনারেল ট্রান্সফারের জন্য আবেদন করার পরেও, সুপারিশপত্র জারি না হলে, এবার সেই আবেদন বাতিল করে মিউচুয়াল ট্রান্সফার বা পারস্পরিক বদলির জন্য আবেদন করা যাবে। তবে এখন থেকে উৎসশ্রী পোর্টালের মাধ্যমে আবেদন করলে কনফার্মেশন লেটার বাধ্যতামূলক হচ্ছে বলে শিক্ষা দপ্তরের তরফে জানানো হয়েছে।

এই প্রসঙ্গে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, শিক্ষা দপ্তরে বহুবার এ বিষয়ে আবেদন জানানো হয়েছিল। শেষ পর্যন্ত তার অনেকটা সমাধান হল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৭ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের ১০০টি পর্যটন কেন্দ্র ও ৫০ টি বিখ্যাত সাংস্কৃতিক কেন্দ্রে আগামীকাল বিশ্ব যোগ দিবস উপলক্ষে যোগ ব্যায়ামের আয়োজন করা হবে। ভারতের সমৃদ্ধশালী ঐতিহ্য ও ভালো থাকার জন্য পরম্পরাগত প্রক্রিয়াগুলি তুলে ধরার লক্ষ্যে এই

অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। যোগ দিবসের এবারের মূল অনুষ্ঠানটি হবে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে। সেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বয়ং যোগ দেবেন। সারা দেশের সঙ্গে এরাজ্যেও যোগ দিবস উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট)

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বন্যা পরিস্থিতি নিয়ে আজ নবান্ন থেকে দক্ষিনবঙ্গের কয়েকটি জেলার জেলাশাসকের সঙ্গে বৈঠক করেন। জেলার প্রশাসনিক কর্তাদের পরিস্থিতির উপরে নজর রাখার নির্দেশ দেন তিনি। হাওড়ার আমতা, উদয়নারায়নপুরে মন্ত্রী পুলক রায়, পশ্চিম মেদিনীপুরে মানস ভুঁইয়া, হুগলীর আরামবাগ, গোঘাটে ফিরহাদ হাকিম ও বাকুড়া-পুরুলিয়ার পরিস্থিতির উপরে নজরদারির জন্যে মলয় ঘটককে দায়িত্ব দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।

oooooooooooooooooooo

নিম্নচাপ ও প্রতিবেশী রাজ্যে অতিরিক্ত বৃষ্টির জেরে ডিভিসি আজ জল ছাড়ার পরিমান বাড়িয়েছে। দামোদর ভ্যালি জলাধার নিয়ন্ত্রণ কমিটির সুপারিশের ভিত্তিতে আজ দুপুর দুটো পর্যন্ত ডিভিসি তাদের মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে ৫৫ হাজার কিউসেক জল ছেড়েছে।

এদিকে রাজ্য সরকারের নির্দেশে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে বিশেষ দল বাঁকুড়া, ঝাড়গ্রাম সহ কয়েকটি জেলায় পৌঁছেছে।

ooooooooooooooooooo

oooooooooooooooooooooo